

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৫ জুন '২০২৩

জামালখানে বঙ্গবন্ধুর মুরালসহ ৫০টি চিত্রকর্ম ভাংচুর জড়িতদের দৃষ্টান্তমূলক শান্তি চান মেয়র ও কাউন্সিলরবৃন্দ

চট্টগ্রামের জামাল খান মোড়ে সড়কের পাশে দেয়ালজুড়ে থাকা বঙ্গবন্ধুর জীবন-ও করের আলোকচিত্র নিয়ে তৈরি মুরালসহ ৫০ টি চিত্রকর্ম ভাংচুরের তীব্র প্রতিবাদ জানিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী ও কাউন্সিলরবৃন্দ। বিবরিতে মেয়র ও কাউন্সিলরবৃন্দ এই ভাংচুরের জন্য বিএনপি ও এর সহযোগী সংগঠন যুবদল, ছাত্রদলকে দায়ী করেন এবং জড়িতদের দৃষ্টান্তমূলক শান্তি দাবি করেন।

বৃহস্পতিবার এক ঘোথ বিবরিতে মেয়র ও কাউন্সিলরবৃন্দ বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিপ- বী জীবনের ইতিহাসকে তরঙ্গ প্রজন্মের কাছে তুলে ধরতে জামালখানে বঙ্গবন্ধুর মুরালসহ ৫০টি চিত্রকর্ম স্থাপন করা হয়। বঙ্গবন্ধুর আদর্শকে লালন করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যখন দেশকে উন্নয়নের স্বর্ণশিখরে নিয়ে যাচ্ছেন তখন দুর্ক্ষিতকারীরা বঙ্গবন্ধুর মুরাল ভাংচুরের মাধ্যমে দেশে অরাজক পরিস্থিতি সৃষ্টির অপপ্রয়াস চালাচ্ছে। বঙ্গবন্ধু কেবল কোন রাজনৈতিক দলের নেতা নন, তিনি আমাদের জাতির পিতা। তার সাথে দেশের স্বাধীনতার অস্তিত্ব জড়িত। মূলত যারা দেশের স্বাধীনতায় বিশ্বাস করেনা তারাই আমাদের স্বাধীনতার চেতনার উৎস বঙ্গবন্ধুর মুরাল ভাংচুরের মতো ঘৃণ্য কাজ করেছে। জাতির পিতার প্রতি এই অবমাননামূলক ধৃষ্টতার সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শান্তি দেয়া হোক।

চট্টগ্রামে শুরু হলো ঈদ শপিং ফেস্টিভ্যাল

নগরীর পাঁচ তারকা হোটেল রেডিসন বে ভিউতে ৩ দিন ব্যাপি ঈদ শপিং ফেস্টিভ্যাল ২০২৩ এর উদ্বোধন করেছেন সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। ঈদ শপিং ফেস্টিভ্যালের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি মেয়র বলেন, প্রধানমন্ত্রীর হাত ধরে নারী সমাজ এখন আর পিছিয়ে নেই। বর্তমানে সকল ক্ষেত্রে অগ্রগামী নারীরা। বিভিন্ন টেনিং সেন্টারের মাধ্যমে বিভিন্ন রকম কাজ শিখে নারীরা এখন নিজের পায়ে দাঁড়াতে সক্ষম হয়েছে এবং ক্ষুদ্র ও বড় ব্যবসা করে বাংলাদেশকে বিশ্ব দরবারে তুলে ধরছে।

এম এন্ড এম বিজনেস কমিউনিশনের সিইও মানজুমা মোর্শেদ বলেন, বছরে তিন থেকে চারটি মেলা আয়োজনের মধ্যদিয়ে নারীদের একটা প্রাটফরম তৈরি করার এ প্রয়াসে জড়িত সবাইকে কৃতজ্ঞতা জানাচ্ছি। আপনাদের সহায়তা পেলে নারী উদ্যোক্তারা দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে।

এসময় আরো উপস্থিতি ছিলেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, মোহাম্মদ আরু সাইদ সেলিম সাধারণ সম্পাদক পাঁচলাইশ আবাসিক এলাকা কল্যান সোসাইটি, রেডিসন বে-ভিউ চট্টগ্রাম সিও বিপ্রেডিয়ার মোহস্মদ আলী (অব:) রেডিসন বে-ভিউ চট্টগ্রাম জিএম মিস্টার ডুকো এভেরিন দে ভাইস।

নগরীতে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন উদ্যাপন উপলক্ষ্যে ওরিয়েন্টশন ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ও জাতীয় পুষ্টি সেবা পরিচালিত জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন উদ্যাপন উপলক্ষ্যে এক "ওরিয়েন্টশন ও পরিকল্পনা সভা" আজ বৃহস্পতিবার সকালে চিসিক জেনারেল হাসপাতাল মিলনায়তনে স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোহাম্মদ ইমাম হোসেন রানা'র সভাপতিতে অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিতি ছিলেন প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী। সভা পরিচালনা করেন ভ্যাক্সিনেশন ইনচার্জ মো: আরু ছালেহ। ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন সংক্রান্ত বিভিন্ন তথ্য উপস্থাপন সহ বিস্তারিত উপস্থাপন করেন জোমাল মেডিকেল অফিসার ডাঃ তপন কুমার চক্রবর্তী। এতে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মেডিকেল অফিসার

ইনচার্জ ডাঃ মোঃ রাশেদুল ইসলাম, ডাঃ ইফফাত জাহান সুমি, জোনাল মেডিকেল অফিসার ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডাঃ হাসান মুরাদ চৌধুরী, ডাঃ সুমন তালুকদার, ডাঃ আকিল মাহমুদ নাফে, ডাঃ জুয়েল মহাজন, মেডিকেল অফিসার, ইপিআই টেকনিশিয়ান, স্বাস্থ্য পরিদর্শক এবং বেসরকারী এনজিও সংস্থা'র প্রতিনিধিবৃন্দ।

সভায় ডাঃ সেলিম আকতার চৌধুরী বলেন, জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন শতভাগ সফলভাবে বাস্তবায়নের মাধ্যমে অপুষ্টি দূরীকরণ সম্ভব হবে। স্বাস্থ্য অধিদপ্তরের গাইড লাইন অনুযায়ী শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়াতে হবে, কোন শিশু ভিটামিন 'এ' খাওয়ানো থেকে বাদ না যায় সেদিকটি অবশ্যই নজরে রাখতে হবে। তিনি আরো বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ইতিপূর্বে অনুষ্ঠিতব্য সকল জাতীয় কর্মসূচীসমূহ শতভাগ সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে। আসন্ন জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সরকারী নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে, পূর্বের সফলতা এবারও অক্ষুণ্ণ রাখা হবে। মাননীয় সিটি মেয়র এম রেজাউল করিম চৌধুরী এর সার্বিক নির্দেশনায় এই কর্মসূচী সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা ও প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। তিনি উক্ত কর্মসূচী বাস্তবায়নে সকল জোনাল মেডিকেল অফিসারগণকে প্রয়োজনীয় দিক নির্দেশনা দেন এবং কর্মসূচীর সফলতা কামনা করেন। উল্লেখ্য যে, আগামী ১৮ জুন ২০২৩ইং সারাদেশের ন্যায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন পালিত হবে। উক্ত ক্যাম্পেইন চলাকালীন সময়ে ৬-১১ মাস বয়সী শিশুকে ১টি নীল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল ও ১২-৫৯ মাস বয়সী শিশুকে ১টি লাল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে। এছাড়া শিশুর বয়স ৬ মাস পূর্ণ হলে মাঝের দুবের পাশাপাশি পরিমাণ মত ঘরে তৈরি সুষম খাবার খাওয়ানোর পরামর্শ প্রদান করা হবে।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮